৫/

দৈনিক বাংলা

তারিখ 16 JAN 1993
পৃষ্ঠা ৮ কলাম ৭

১০১

# সরকারী কলেজ শিক্ষক সমিতির তলবী সভা ঃ ৫ জন বহিষ্কার

বাংলাদেশ সরকারী কলেজ শিক্ষক সমিতির তলবী সভা গতকাল (শুক্রবার) বিএমডিসি মিলনায়তনে অনুষ্ঠিত হয়। সভায় সমিতির গঠনতন্ত্র সংশোধনীসহ কার্যনির্বাহী কাউন্সিলের নির্বাচন অনুষ্ঠিত হয়। এতে অধ্যক্ষ শামসুল হক (ধামরাই কলেজ) প্রেসিডেন্ট এবং অধ্যাপক আবদুল কুদ্দুস সরকার (জগন্নাথ কলেজ) মহাসচিব নির্বাচিত হন। সভায় গঠনতন্ত্র বহির্ভূত কার্যকলাপের জন্য পাঁচজনকে সমিতি থেকে বহিষ্কার করা হয়। এরা হলেন, অস্থায়ী সভাপতি আমিরুল করিম, সহ-সভাপতি মিসেস রাশেদা ওয়াইজ, মহাসচিব আহমদ হোসেন, কোষাধ্যক্ষ মিসেস ফাহিমা তৌসিফ এবং সদস্য নওশের আলী খান। খবর বিজ্ঞপ্তির।